13 FEB 2017

শিক্ষা মন্ত্রণালয়ের সার্কুলার

# পিকনিক-শিক্ষা সফরে যেতে মানতে হবে ৬ নির্দেশনা

**যুগান্তর রিপোর্ট**

স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষা সফরে বিধিনিষেধ আরোপ করেছে শিক্ষা মন্ত্রণালয়। রোববার এ সংক্রান্ত সার্কুলার জারি করা হয়েছে। এতে মোট ৬টি নির্দেশনা আছে। সার্কুলারে বলা হয়েছে, জেলা প্রশাসক (ডিসি) বা উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) পূর্ব অনুমতি ছাড়া শিক্ষার্থীরা শিক্ষা সফর বা পিকনিকে যেতে পারবে না। কোনো প্রতিষ্ঠান এ ধরনের কর্মসূচি আয়োজন করলে শিক্ষার্থী বহনকারী গাড়ির ফিটনেস ও চালকের লাইসেন্স সম্পর্কে অবশ্যই বিআরটিএ'র প্রত্যয়ন নিতে হবে। শিক্ষার্থীদের অবশ্যই অভিভাবকদের কাছ থেকে সম্মতিপত্র নিতে হবে। শিক্ষাসফর বা পিকনিক সম্পর্কে শিক্ষার্থীদের আগেই ধারণা দিতে হবে। শিক্ষাপ্রতিষ্ঠানের দায়িত্বশীল শিক্ষককে শিক্ষার্থীদের সঙ্গে নিতে হবে। স্থানীয় নিরাপত্তাসংক্রান্ত যেসব বিধিবিধান আছে তা সবাইকে যথাযথভাবে মেনে চলতে হবে। সার্কুলারটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moedu.gov.bd) প্রকাশ করা হয়েছে।